বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৮১৯০- জে, তারিখ: ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম আদালত, ভোলা-এ কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ আবদুল গনি-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

সূত্র: জেলা ও দায়রা জজের কার্যালয়, ভোলা-এর গত ০৯.০৮.২০২৬ খ্রি তারিখের ৫৭৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবদুল গনি তিনি বর্তমানে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত, ভোলা-এ অফিস সহায়ক পদে কর্মরত আছেন। তিনি গত ০১.১২.২০১৩ তারিখে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ভোলাতে অফিস সহায়ক হিসেবে যোগদান করে সুনামের সাথে তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করে আসছেন। বেশ কিছুদিন ধরে তার বুক ব্যথার জন্য বিভিন্ন বিশেষজ্ঞ চিকিৎসকের শরণাপন্ন হয়ে চিকিৎকের পরামর্শে পরীক্ষা/নিরীক্ষা পূর্বক ঔষধ গ্রহণ করেন। নিয়মিত ঔষধ সেবনে কিছুটা সুস্থ হন আবার সমস্যা দেখা দেয়। পরবর্তীতে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকার হৃদরোগ বিশেষজ্ঞ ডাঃ অর্নব কুমার চৌধুরী এর শরণাপন্ন হলে তিনি বিভিন্ন পরীক্ষা/নিরীক্ষা করে তার হৃদযন্ত্রে ০২টি ব্লকেজ (ছিদ্র) চিহ্নিত করেন এবং অপারেশন করার জন্য পরামর্শ প্রদান করেন। তার পরিবার হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করলে তারা অপারেশনের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রয়োজন বলে জানান। পরিবারে তিনি ছাড়া উপার্জনক্ষম আর কোনো সদস্য নেই। তার ১টি ছেলে স্নাতক ২য় বর্ষের ছাত্র ও ১টি মেয়ে উচ্চ মাধ্যমিকের পরীক্ষার্থী। তিনি সামান্য বেতনের ক্ষুদ্র কর্মচারী। ফলে তিনি তার চিকিৎসার জন্য দেশের ৬৪ জেলার বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল সমূহে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ এবং কর্মচারীগণের নিকট আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রার্থনা জানিয়েছেন।

২। এমতাবস্থায়, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম আদালত, ভোলা-এ কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ আবদুল গনি-এর চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) ফর্দ।

স্বাক্ষরিত
(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
জনাব মোঃ আবদুল গনি
সঞ্চয়ী হিসাব নং-০৪০১০০১০১৩১৯৫
সোনালী ব্যাংক পি.এল.সি,
ভোলা শাখা, ভোলা
বিকাশ নম্বরঃ ০১৮২২-৬১৫৬৭০(পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৮১৯০- জে, তারিখ: ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,----------------------------------------------------------(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ----------------------------------------------------------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,--------------------(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,-------------------------------------(সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -----------------------------(সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল.................................(সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত.......................................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল.................................(সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------(সকল)।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------ (সকল)।

(২–১৩ নং এর পাশে:) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------ (সকল)।

১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ............................(সকল)।

১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।

১৯। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।

২০। সদস্য (অতিরিক্ত জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,............... (সকল)।

২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।

২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।

২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।

২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।

২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।

২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।

২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।

২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।

২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।

৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।

৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।

৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।

৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।

৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------------(সকল)।

৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।

৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।

৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল......................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।

৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।

৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৪৮। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৪৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫০। অফিস কপি।

০১.০৭.২৬

(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
ভোলা।

স্মারক নং- ৫৭৯.

তারিখ ঃ ~~০৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ~~
২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ

প্রেরক ঃ শরীফ এ, এম, রেজা জাকের
সিনিয়র জেলা ও দায়রা জজ
ভোলা।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ জনাব মো: আবদুল গনি, অফিস সহায়ক, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ভোলা এর চিকিৎসা সহায়তা পাওয়ার আবেদন অগ্রবর্তীকরণ প্রসংগে।

সূত্র ঃ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ভোলা এর স্মারক নং- সি.জে.এম.সি/ভোলা/প্রঃ বিঃ ১৪২ তারিখ ০৩/০৮/২০২৬ খ্রিঃ।

মহোদয়

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নিবেদন এই যে, জনাব মো: আবদুল গনি, অফিস সহায়ক, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ভোলা এর চিকিৎসা সহায়তা পাওয়ার স্ব-ব্যাখ্যায়িত আবেদন খানা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

(শরীফ এ, এম, রেজা জাকের)
সিনিয়র জেলা ও দায়রা জজ
ভোলা
সার্ভিস আই, ডি নং-২০০৬২০২০১৩

সংযুক্তি ঃ
১। আবেদন পত্র সহ চিকিৎসার কাগজপত্র ৫১ (পঞ্চাশ) ফর্দ।

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
২৮৭৪৫ তারিখ 16 AUG 2026
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন।

17 AUG 2026

[illegible]খ ঃ ০২/০৮/২০২৬খ্রিঃ।

বরাবর

মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ
ভোলা।

মাধ্যম ঃ মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ভোলা।

মাধ্যম ঃ মাননীয় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত
ভোলা।

বিষয় ঃ চিকিৎসা সহায়তার জন্য আবেদন প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শণ পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি মোঃ আবদুল গনি, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত, ভোলা'য় অফিস সহায়ক পদে কর্মরত আছি। আমি বিগত ০১.১২.২০১৩খ্রিঃ তারিখ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী, ভোলা'তে অফিস সহায়ক হিসেবে যোগদান করে সুনামের সাথে আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করে আসছি। বেশ কিছুদিন ধরে আমার বুক ব্যাথার জন্য বিভিন্ন বিশেষজ্ঞ চিকিৎকের শানাপন্ন হয়ে চিকিৎসকের পরামর্শে পরীক্ষা/নিরীক্ষা পূর্বক ঔষধ গ্রহণ করি। নিয়মিত ঔষধ সেবনে কিছুটা সুস্থ হই আবার সমস্যা দেখা দেয়। পরবর্তীতে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা'র হৃদরোগ বিশেষজ্ঞ ডাঃ অর্নব কুমার চৌধুরী এর শরনাপন্ন হলে তিনি বিভিন্ন পরীক্ষা/নিরীক্ষা করে আমার হৃদযন্ত্রে ০২টি ব্লকেজ(ছিদ্র) চিহ্নিত করেন এবং অপারেশন করার জন্য পরামর্শ প্রদান করেন। আমার পরিবার হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করলে তারা অপারেশনের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রয়োজন বলে জানান। পরিবারে আমি ছাড়া উপার্জনক্ষম আর কোন সদস্য নেই। আমার ১টি ছেলে স্নাতক ২য় বর্ষের ছাত্র ও ১টি মেয়ে উচ্চ মাধ্যমিকের পরীক্ষার্থী। আমি সামান্য বেতনের ক্ষুদ্র কর্মচারী হওয়ায় মহোদয়ের মাধ্যমে দেশের ৬৪ জেলার বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল সমূহে কর্মরত মাননীয় বিচারক মহোদয় এবং আমার প্রানপ্রিয় সহকর্মী ভাই/বোনদের কাছে সহযোগিতা কামনা করছি। আমি মাননীয় বিচারক মহোদয় এবং আমার প্রানপ্রিয় সহকর্মীদের কাছে আমার জন্য দোয়া ও আর্থিক সহযোগিতা কামনা করছি যাতে আমি সুস্থ্য হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আমার প্রিয় কর্মস্থলে নিয়মিত দায়িত্ব পালন ও পরিবার পরিজন নিয়ে নিরাপদে জীবন যাপন করতে পারি।

অতএব মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আমার চিকিৎসার জন্য দেশের ৬৪ জেলার বিভিন্ন আদালত/ট্রাইব্যুনাল সমূহে কর্মরত মাননীয় বিচারক মহোদয় এবং আমার প্রানপ্রিয় সহকর্মী ভাই/বোনদের কাছে সহযোগিতা পাওয়ার বিহিত ব্যবস্থা গ্রহণে আপনার আপনার সদয় মর্জি হয়।

বিনীত
আপনার একান্ত অনুগত

(মোঃ আবদুল গনি)
অফিস সহায়ক
জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত
ভোলা।

সাহায্য পাঠানোর ঠিকানা ঃ

মোঃ আবদুল গনি
হিসাব নং-০৪০১০০১০১৩১৯৫
সোনালী ব্যাংক পি.এল.সি
ভোলা শাখা, ভোলা।

বিকাশ নাম্বার ঃ ০১৮২২৬১৫৬৭০(পার্সোনাল)